



## বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/গাজীপুর-১৬১/

তারিখ: ০৮/২০১৭খ্রিঃ


বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ০৫.৪১.৩৩৩৬.০০০.৭৮.০০১.১৬-২৯৮; তারিখঃ ০৩/০৫/২০১৭খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন টোকনগর দারুল হাদিস আলিম মাদরাসার অধ্যক্ষের আবেদন ও কমিটি সংক্রান্ত কাগজপত্রের প্রেক্ষিতে গত ১২/০৪/২০১৭খ্রিঃ তারিখে এডহক কমিটির অনুমোদন দেয়া হয়। অপরদিকে মাদরাসার সুপার এর বিরুদ্ধে তথ্য গোপন করে উক্ত এডহক কমিটির অভিভাবক সদস্য মনোনয়ন গ্রহণ করা হয়েছে মর্মে উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর সূত্রে উল্লিখিত স্মারকে একটি পত্র বোর্ডে দাখিল করেছেন।

প্রাপ্ত পত্র পর্যালোচনায় দেখা যায়, পূর্নাঙ্গ এডহক কমিটি গঠনের লক্ষ্যে মাদরাসার সুপার কর্তৃক দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ০৭/০২/২০১৭খ্রিঃ তারিখে নং- ০৫.৪১.৩৩৩৬.০০০.৭৮.০০১.১৬-৭০ স্মারকে জনাব মোঃ জজ মিয়া, পিতা- মোঃ কিতাব আলীকে অভিভাবক সদস্য হিসাবে মনোনয়ন দেয়া হয়। পরবর্তীতে অধ্যক্ষ উক্ত মনোনয়ন প্রদানের বিষয়টি গোপন করে পুনরায় আবেদন করার প্রেক্ষিতে ১৬/০৩/২০১৭খ্রিঃ তারিখে নং- ০৫.৪১.৩৩৩৬.০০০.৭৮.০০১.১৬-১৪৬ স্মারকে জনাব মোঃ ইউসুফ আলী, পিতা-মৃত রিয়াজ উদ্দিনকে অভিভাবক সদস্য হিসাবে মনোনয়ন প্রদান করা হয়। ফলে উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর ১৬/০৩/২০১৭খ্রিঃ তারিখে নং- ০৫.৪১.৩৩৩৬.০০০.৭৮.০০১.১৬-১৪৬ স্মারকের মনোনয়নটি বাতিল করেন এবং ০৭/০২/২০১৭খ্রিঃ তারিখে নং- ০৫.৪১.৩৩৩৬.০০০.৭৮.০০১.১৬-৭০ স্মারকে জনাব মোঃ জজ মিয়া, পিতা- মোঃ কিতাব আলীকে অভিভাবক সদস্য হিসাবে মনোনয়ন দেয়া সঠিক মর্মে গণ্য করার জন্য অনুরোধ করেন।

বর্ণিত অবস্থায় তথ্য গোপন করে এডহক কমিটির অভিভাবক সদস্য মনোনয়ন গ্রহণের কারণ কি সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা আগামী ০৭ (সাত) কাযদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)  
ও রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮


প্রাপকঃ অধ্যক্ষ, টোকনগর দারুল হাদিস আলিম মাদরাসা, কাপাসিয়া, গাজীপুর।

নং-বামাশিবো/প্রশাসন/গাজীপুর-১৬১/ 

তারিখঃ ০৮/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।
২. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাপাসিয়া, গাজীপুর।
৪. সভাপতি- এডহক কমিটি, টোকনগর দারুল হাদিস আলিম মাদরাসা, কাপাসিয়া, গাজীপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

  
মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪